

বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলাৰ একটি কোম্পানি)

প্রধান কার্যালয়, বিরাসার

ব্রাহ্মণবাড়িয়া।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে

অবহিতকরণ সভার কার্যবিবরণী।

গত ২২-০২-২০২৩ তারিখে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা কোম্পানির প্রধান কার্যালয়স্থ মিটিং রুমে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর অংশীজন(Stakeholder) হিসেবে বিভিন্ন কাজের প্রয়োজনে মালামাল সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের ১১(এগারো)জন প্রতিনিধি উক্ত সভায় অংশগ্রহণ করেন। উক্ত মালামাল সরবরাহকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ কোম্পানির যে বিভাগের সাথে সরাসরি জড়িত, সে সকল বিভাগীয় প্রধানগণ এবং বিজিএফসিএল-এর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি(APA), সিটিজেন চার্টার(CC), তথ্য অধিকার(RTI) ও Innovation এর ফোকাল পয়েন্টগণ সভায় অংশগ্রহণ করেন। সভায় বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি(APA) ও জাতীয় শুক্রাচার কৌশল(NIS) বাস্তবায়ন নির্দেশিকার আলোকে সভায় শুক্রাচার ছাড়াও সিটিজেন চার্টার(CC) ও তথ্য অধিকার আইন (RTI) বিষয়ে আলোচনা হয়।

সভায় উপস্থিত সকলকে আমাদের প্রধান কার্যালয় ভবনের এন্ট্রি গেইট একটি অভিযোগ বক্তা স্থাপন করা আছে, যেখানে আমাদের যে কোন অভিযোগ দাখিল করা যাবে এবং বিজিএফসিএল-এর ওয়েবসাইট ভিজিট করে অনলাইনেও যে কোন অভিযোগ দাখিল করার সুযোগ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। উল্লেখ্য, সভায় অংশগ্রহণকারী সরবরাহকারী ও তাদের প্রতিনিধিগণ অত্র কোম্পানির বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ উত্থাপন করেননি।

১৫ জুন, ২০২৩

(যোহাম্মদ মানবুজ্জামান খান)

উপ-মহাব্যবস্থাপক (বোর্ড)

ও

অনিক, বিজিএফসিএল।